দৈনিক জনকণ্ঠ

তারিখ 18 NOV 2015
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ঢাবিতে হলের আবাসিক ফি প্রত্যাহার দাবিতে ভিসিকে স্মারকলিপি, কঠোর কর্মসূচীর হুমকি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিজয় একাত্তর হলের আবাসিক ফি প্রত্যাহারের দাবিতে আন্দোলন অব্যাহত রেখেছেন প্রগতিশীল ছাত্রজোট ও সাধারণ শিক্ষার্থীরা। পূর্বঘোষণা অনুযায়ী মঙ্গলবার দুপুরে উপাচার্যকে স্মারকলিপি দিয়েছেন জোটের নেতা-কর্মীরা। সাত দিনের মধ্যে দাবি মেনে না নেয়া হলে কঠোর কর্মসূচীর হুমকি দিয়েছেন তারা। তবে এ ফি নিয়ে অনড় অবস্থানে হল প্রাধ্যক্ষ।

জানা গেছে, আবাসিক ছাত্রদের প্রতি বছর তিন হাজার ৬০০ টাকা আবাসিক ফি পরিশোধ করতে হবে এমন নির্দেশনা দিয়ে নোটিশ দেয়ার পর থেকেই ছাত্রদের মাঝে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। প্রাথমিকভাবে ছাত্ররা বিভিন্ন অনলাইন সামাজিক যোগাযোগের মাধ্যমে এই বিষয়টির প্রতিবাদ জানান। গত সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যানটিনে বিষয়টি নিয়ে সংবাদ সম্মেলন করে প্রগতিশীল ছাত্রজোট। সেখান থেকে তারা ফি প্রত্যাহার করে নেয়ার দাবিসহ সাত দিনের আল্টিমেটাম দেন।